গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্থাপন মন্ত্রণালয়
বিধি-১ শাখা
নং সম(বিধি-১)এস-৮/৯৫(অংশ-২)-৫৬(৫০০), তারিখ: ১৭-০৩-১৯৯৭ইং/০৩-১২-১৪০৩বাং

**বিষয়: সরকারী দপ্তর, স্বায়ত্তশাসিত/আধা-স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান এবং বিভিন্ন কর্পোরেশনের চাকুরীতে সরাসরি নিয়োগের নির্ধারিত কোটা পদ্ধতির সংশোধন।**

সরকার উপরোক্ত বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করিয়াছেন যে, সকল সরকারী, স্বায়ত্তশাসিত/আধা-স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান এবং কর্পোরেশনের চাকুরীতে সরাসরি নিয়োগের জন্য বলবৎকৃত ৩০% মুক্তিযোদ্ধা কোটা ২৬ শে মার্চ, ১৯৯৭ তারিখ হইতে মুক্তিযোদ্ধা এবং মুক্তিযোদ্ধা প্রার্থী পাওয়া না গেলে সে ক্ষেত্রে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র ও কন্যার অনুকূলে বলবৎ হইবে। এই পরিপ্রেক্ষিতে সংশোধিত কোটার হার হইবে নিম্নরূপ:-

| | বিভিন্ন ধরনের কোটা | ১ম ও ২য় শ্রেণীর পদসমূহের জন্য (শতকরা হার) | ৩য় ও ৪র্থ শ্রেণীর পদসমূহের জন্য (শতকরা হার) |
|---|---|---|---|
| ১। | মেধা কোটা (জেলা কোটা বহির্ভূত) | ৪৫% | – |
| ২। | এতিমখানার নিবাসী ও শারীরিক প্রতিবন্ধী (জেলা কোটা বহির্ভূত) | – | ১০% |
| ৩। | জেলা কোটা (জনসংখ্যার ভিত্তিতে জেলা- ওয়ারী বন্টন) | | |
| | (ক) মুক্তিযোদ্ধা এবং উপযুক্ত মুক্তিযোদ্ধা প্রার্থী পাওয়া না গেলে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র ও কন্যা | ৩০% | ৩০% |
| | (খ) মহিলা কোটা | ১০% | ১৫% |
| | (গ) উপ জাতীয় কোটা | ০৫% | ০৫% |
| | (ঘ) আনসার ও গ্রাম প্রতিরক্ষা সদস্যদের কোটা | – | ১০% |
| | (ঙ) অবশিষ্ট (জেলার সাধারণ প্রার্থীদের জন্য) | ১০% | ৩০% |
| | মোটা = | ১০০% | ১০০% |

২। কোটা সংক্রান্ত অন্যান্য বিধান অপরিবর্তিত থাকিবে।

**৩। উপরোক্ত সরকারী সিদ্ধান্ত সকল মন্ত্রণালয়/বিভাগকে তাহাদের অধীনস্ত সরকারী, স্বায়ত্তশাসিত/আধা-স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান এবং বিভিন্ন কর্পোরেশনের সকল পর্যায়ের নিয়োগকারী কর্তৃপক্ষকে অবগত করাইতে অনুরোধ করা হইল।**

**সফিউর রহমান**
সচিব।